

নবীদের কাহিনী

বিভাগ/অধ্যায়ঃ ২৫. হযরত মুহাম্মাদ (সাঃ) - মাক্কী জীবন রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

ইবনু কাছীর (রহঃ)-এর মন্তব্য (قول ابن كثير في شعب العرب القديم)

হাফেয ইবনু কাছীর (রাহেমাহুল্লাহ) বলেন, আরবের লোকেরা প্রাচীনকালে ইবরাহীমী দ্বীনের অনুসারী ছিল। পরে তারা তাওহীদকে শিরকে এবং ইয়াক্বীনকে সন্দেহে রূপান্তরিত করে। এছাড়াও তারা বহু কিছু বিদ'আতের প্রচলন ঘটায়। একই অবস্থা হয়েছিল তওরাত ও ইনজীলের অনুসারীদের। তারা তাদের কিতাবে পরিবর্তন ঘটিয়েছিল। তাতে শান্দিক যোগ-বিয়োগ করেছিল, রূপান্তর করেছিল ও দূরতম ব্যাখ্যা করেছিল। অতঃপর আল্লাহ মুহাম্মাদ (ছাঃ)-কে প্রেরণ করেন পূর্ণাঙ্গ শরী'আত দিয়ে, যা সমস্ত সৃষ্টিজগতকে শামিল করে' (ইবনু কাছীর, তাফসীর সূরা জুম'আ ২ আয়াত)।

এক্ষণে আমরা নবীজীবনের মূল আলোচনায় অগ্রসর হব ইনশাআল্লাহ।-

• Source — https://www.hadithbd.com/books/link/?id=5161

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন